গাংনীতে পৃথক সড়ক দুর্ঘটনায় তিনজন আহত

গাংনী উপজেলার মেহেরপুর-কুষ্টিয়া সড়কের তেরাইল ও বাঁশবাড়িয়া গ্রামে পৃথক দুটি সড়ক দুর্ঘটনায় তিনজন আহত হয়েছেন।

আহতরা হলেন, শামসুল আলম (৪৫), মতিয়ার রহমান (৫৯) ও রিপন হোসেন (২২)।

আহতদের মধ্যে শামসুল আলম ও মতিয়ার রহমান গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসা নিয়ে বাড়ি ফিরেছেন আর রিপন হোসেনের অবস্থা আশংকাজনক হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

স্থানীয়রা জানান, তেরাইল গ্রামে মাইক্রোবাসের ধাক্কায় মোটরসাইকেল আরোহী গাংনী উপজেলার চেঙগাড়া গ্রামের আব্দুল কুদ্দুছের ছেলে শামসুল আলম (৪৫) ও তেরাইল গ্রামের নবিছদ্দীনের ছেলে মতিয়ার রহমান আহত হয়েছেন।

শামসুল আলম মোটরসাইকেলে ছিলেন এছাড়া মতিয়ার রহমান পাখি ভ্যানে ছিলেন।

বাঁশবাড়িয়া গ্রামে মোটরসাইকেলের ধাক্কায় আহত হয়েছে নাজমুল হুদার ছেলে রিপন হোসেন (২২)।

তাদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ভর্তি করা হয়েছে। এদের মধ্যে রিপন হোসেনের অবস্থা খারাপ হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে বলে জানিয়েছেন জরুরী বিভাগে কর্মরত স্যাকমো সোহাগ হোসেন।